



## ALL INDIA RADIO, SILCHAR

\*\*\*\*\*

### MORNING BULLETIN : BENGALI

Date:- 14-03-2024

*Time: 07:35-07:40 Hrs*

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল প্রধানমন্ত্রী সামাজিক উত্থান ও রোজগার আধারিত জনকল্যাণ (পি এম-সুরজ) শীর্ষক একটি জাতীয় পোর্টালের আজ সূচনা করেছেন। একইসঙ্গে দেশের পিছিয়ে পড়া শ্রেণীর লোকদের মধ্যে থেকে একলক্ষ উদ্যমীকে ঝগ সাহায্য প্রদান করা হয়েছে। তিনি ভিডিও কনফারেন্সে ব্যবস্থার মাধ্যমে তপশিলী জাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণী এবং নিকাশি কাজে জড়িত কর্মীদের মধ্যে বিভিন্ন সরকারী প্রকল্পের সুযোগ গ্রহণ করা হিতাধিকারীদের সঙ্গে মত বিনিময় করেছেন। সমগ্র দেশের ৪৭০ টি জেলা থেকে বিভিন্ন সরকারী প্রকল্পের সুযোগ গ্রহণ করা অনগ্রসর শ্রেণীর জনসাধারণের মধ্যে প্রায় তিন লক্ষ হিতাধিকারী এই মতবিনিময় অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এছাড়া প্রধানমন্ত্রী ন্যাশনেল এ্যাকশন ফর কিট্স টু সেউয়ার এন্ড সেপ্টিক ট্যাংক ওয়ার্কারস- (নমস্টে)'র অধীনে আজ নিকাশি সেপ্টিক ট্যাংক কর্মীদের পি পি ই কিট এবং আয়ুষ্মান স্বাস্থ্য কার্ড বিতরণ করেন।

---

বরাক উপত্যাকার তিন জেলায়ও গতকাল প্রধানমন্ত্রী সুরজ তথা প্রধানমন্ত্রী সামাজিক উত্থান এবং রোজগার আধারিত জনকল্যাণ পোর্টাল উদ্বোধনী অনুষ্ঠানের সরাসরি সম্পর্চার করা হয়। শিলচর বঙ্গভবনে এ উপলক্ষে

আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল গোলাব চান্দ কাটারিয়া মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। রাজ্যপাল শ্রী কাটারিয়া তপশিলি জাতি, পিছিয়ে পড়া শ্রেণী, ও সাফাই কর্মীদের এক লক্ষ টাকা করে খনের অনুমোদন পত্র, সেফটি টেংক কর্মীদের মধ্যে আযুষ্মান কার্ড ও পি পি ই কিট বিতরণ করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল শ্রী কাটারিয়া প্রধানমন্ত্রীর বিভিন্ন প্রকল্পের কথা উল্লেখ করে বলেন যে দুষ্ট লোকেদের একাউন্টের অর্থ বেংকের মাধ্যমে দেশের উন্নয়নের কাজে ব্যবহৃত হচ্ছে। রাজ্যপাল শ্রী কাটারিয়া বর্তমান সরকারের চার কোটি মানুষের জন্য গৃহ নির্মাণ, উজ্জ্বলা যোজনা, প্রায় ৭০ শতাংশ মানুষের ঘরে পাইপের মাধ্যমে পানীয় জল সরবরাহ, ৮০ কোটি মানুষের জন্য বিনামূল্যে চাল সরবরাহ, আযুষ্মান কার্ডের সুফলের তথ্য তুলে ধরেন।

---

করিমগঞ্জ জেলা গ্রন্থাগার ভবনেও গতকাল পি এম সুরজ অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার দেখানো হয়। সমাজের পিছিয়ে পড়া লোকেদের জীবনের মান উন্নত করতে এবং রোজগারের ব্যবস্থা করতে এই পোর্টেলের মাধ্যমে খণ্ড প্রদান করার ব্যবস্থা রয়েছে। এ উপলক্ষে আয়োজিত এক সভায় জেলা আযুক্ত মৃদুল যাদব, আসাম রাজ্য পরিবহন নিগমের অধ্যক্ষ মিশন রঞ্জন দাস, করিমগঞ্জের পৌরপতি রবীন্দ্র চন্দ্র দেব প্রমুখ এই পোর্টেলের মাধ্যমে সমাজের পিছিয়ে পড়া শ্রেণীর লোকেদের জীবন ধারণের মান উন্নত করার বিষয় নিয়ে আলোচনা করেন। সভায় একজন হিতাধিকারীর হাতে নমস্কে আযুষ্মান কার্ড, তিনজন সাফাইকর্মীর হাতে পি পি ই কিট, সহ মাইক্রো ফাইন্যান্স হিতাধিকারীদের হাতে খণ্ড মঙ্গুরিপত্র তুলে দেওয়া হয়।

---

হাইলাকান্দি জেলায়ও গতকাল প্রধানমন্ত্রী সুরজ পোর্টেলের উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করা হয়। হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে স্থানীয় টাউন হলে পি এম সুরজ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। মূলত তপশিলি জাতি ও অন্যান্য পিছিয়ে পড়া শ্রেণী ও সাফাই কর্মচারীদের আয় বাড়ানোর জন্য প্রশিক্ষণে যোগ দিতে এই পোর্টেলে আবেদন করতে হবে। পোর্টেলে

বিভিন্ন স্তরের দক্ষতা বৃদ্ধি করার জন্য প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। ইচ্ছুক আবেদনকারীদের যোগ্যতা কমপক্ষে মাধ্যমিক উত্তীর্ণ হতে হবে। প্রশিক্ষণ শেষে তপশিলি জাতির জন্য ১ হাজার ৫০০ টাকা এবং অন্যান্য পিছিয়ে পড়া শ্রেণীর জন্য ১ হাজার টাকা করে বৃত্তি প্রদানের ব্যবস্থা রয়েছে। হাইলাকান্দির জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে জানান যে এধরণের কর্মসূচীর সুফল পেতে সরকারী কার্যালয়গুলোতে যোগাযোগ করতে হবে। পোটেলে আবেদন করতে হলে আধার কার্ড, প্যান কার্ড, ভোটার কার্ড, আয়ের প্রমাণপত্র থাকতে হবে।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের আসাম সফরের পরিপ্রেক্ষিতে কামরূপ মহানগর জেলা প্রশাসন খানাপারা পশ্চ চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠের চারপাশে আজ এবং আগামীকাল ড্রেগের উড়ান এবং লেজার শো প্রদর্শণ নিষিদ্ধ ঘোষণা করেছে। উল্লেখ্য স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আগামীকাল বটদ্বাৰা সফরে গৌহাটী আসছেন। মন্ত্রী শ্রী শাহ আগামীকাল বটদ্বাৰায় ১৮৮ কোটি টাকা ব্যয়ে নির্মায়মান বটদ্বাৰা প্রকল্পের উদ্বোধন সহ দ্বিতীয় পর্যায়ের কাজের সূচনা করবেন।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বনাথ গতকাল গৌহাটীর বেতকুচিতে ২৯৮ কোটি টাকা ব্যায় সাপেক্ষে একতা মলের নির্মান কাজের ভূমিপূজা করেন। এই মলের মাধ্যমে রাজ্যের স্থানীয় হস্তনির্মাত ও জি আই ট্যাগ যুক্ত সামগ্ৰী প্রদর্শণ ও বিক্ৰয়ের ব্যবস্থা কৱা হবে। আসাম তথা উত্তর-পূৰ্বাঞ্চলের জন্য একটি গুরুত্বপূৰ্ণ বাণিজ্য কেন্দ্ৰ, বিভিন্ন কাৰুকাৰ্য, শিল্প ও উদ্যোগ, স্থানীয় ও পৱন্ত্রীগত সামগ্ৰীৰ জন্য একটি উপযুক্ত বাজার গড়ে তোলার উদ্দেশ্যে এই একতা মল নির্মান কৱা হবে। এই প্রকল্পটিতে রাজ্য তথা কেন্দ্ৰ শাসিত অঞ্চলের জন্য ৩৫ টি সমান আকারের দোকান, আসামের প্রতিটি জেলার জন্য ৩৫ টি সমান আকারের দোকান, আসাম তথা অন্যান্য রাজ্যের পৱন্ত্রীগত খাদ্য, দেশে নির্মাত সফল বাণিজ্যিক সামগ্ৰীৰ দোকান সহ আলোচনা, সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য প্ৰেক্ষাগৃহ নিৰ্মাণ কৱা হবে।

---

রাজ্যের বন ও পরিবেশ মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারি গতকাল গৌহাটীর শ্রীমন্ত  
শঙ্করদেব কলাঞ্চেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে বন, পরিবেশ, ও প্রদূষণ  
নিয়ন্ত্রণ পর্ষদে ১২৪ জন প্রাথীকে নিযুক্তি পত্র প্রদান করেছেন। তিনি বন  
বিভাগের ৫০জন আঞ্চলিক বন আধিকারিক, এবং প্রদূষণ নিয়ন্ত্রণ পর্ষদের ৭৪  
টি পদে প্রাথীদের নিযুক্তিপত্র বিতরণ করেছেন। উল্লেখ্য- রাজ্য সরকারের  
একলক্ষ নিযুক্তি সম্পূর্ণ করার লক্ষ্যে দেওয়া প্রতিশুতির অংশ হিসেবে গতকাল  
১২৪ জন প্রাথীকে চাকুরী দিয়ে ইতিমধ্যে ৯৭ হাজার ২৫২ জন প্রাথী বিভিন্ন  
বিভাগে নিযুক্তি লাভ করেছেন।

---